



পাঠশালায় অনুষ্ঠিত হয়েছে ফটোগ্রাফী কোর্স

## কম্পিউটার সায়েন্সে অনার্সসহ বিভিন্ন কোর্সে ভর্তি

বর্তমান যুগটাই কম্পিউটার যুগ। আর তাই অধিকাংশ মেধাবী ছাত্র-ছাত্রীই কম্পিউটার বিষয়ে উচ্চশিক্ষা নিতে আগ্রহী। কিন্তু সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে আসন স্বল্পতা এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা ব্যয় অত্যধিক হওয়ায় অনেকের পক্ষেই কম্পিউটার বিষয়ে উচ্চশিক্ষা নেয়া সম্ভব হচ্ছে না। ফলে এদের অনেকেই কম্পিউটার বিষয়ক স্বল্পমেয়াদী বিভিন্ন কোর্সে ভর্তি হয়ে থাকেন। এখানে দুটি বেসরকারী কম্পিউটার ইন্সটিটিউট সম্পর্কে আলোচনা করা হলো।

বাংলাদেশ ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি: জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত এই ইনস্টিটিউটে ২০০১-২০০২ সেশনে কম্পিউটার সায়েন্সে চার বছর মেয়াদী অনার্স কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে। সম্পূর্ণ সেশনজটমুক্ত এই ইনস্টিটিউটে ভর্তির জন্য প্রার্থীকে এসএসসি ও এইচএসসি অথবা দাখিল ও আলিম উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে পাস হতে হবে। সেই সাথে গণিত/ পদার্থবিদ্যা/ পরিসংখ্যান/ কম্পিউটার বিজ্ঞানে শতকরা ৪৫% নম্বর থাকতে হবে। যে কোন একটিতে তৃতীয় বিভাগপ্রাপ্তরা আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হবেন। এখানে রয়েছে ডিজিটাল কম্পিউটার ল্যাব, পৃথক সেমিনার রুম, মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান এবং ইন্টার্নশিপের ব্যবস্থা। এ ছাড়া রয়েছে দেশী বিদেশী মূল্যবান বইসমৃদ্ধ সুবিশাল লাইব্রেরী এবং দূরের ছাত্রছাত্রীদের

জন্য উন্নত হোটেলের ব্যবস্থা।

অফিস চলাকালীন সময়ে ১২২ নিউ কাকরাইল রোড, ঢাকার ক্যাম্পাস থেকে ভর্তির আবেদন ফরম ও প্রসপেকটাস সংগ্রহ করা যাবে। ফোন: ৯৩৩২০৮৪ জাতীয় যুব উন্নয়ন ও আন্বয়কর্ম সংস্থান একাডেমীঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ন্দ্রীমস এফিলিয়েটেড এই প্রতিষ্ঠানে কম্পিউটার বিষয়ক বেশ কয়েকটি কোর্স করানো হয়। কোসগুলো হচ্ছে- এডভান্স সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার, ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স, হায়ার ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন কম্পিউটার হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন, ডিপ্লোমা ইন কম্পিউটার প্রোগ্রামিং এবং পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং। সারাদেশে ছড়িয়ে থাকা ৫টি শাখার মাধ্যমে এই কোর্সগুলো পরিচালিত হয়। প্রধান কার্যালয়ঃ ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ মোড়, মোটাক টাওয়ার শপিং সেন্টার (৩য় তলা), ঢাকা

সিলেটে শাখাঃ চয়ন-৬, চন্দনটলা, আমরখানা, সিলেট। রাজশাহী শাখাঃ সি-১৯২, কাজীহাটা, গ্রেটার রোড, রাজশাহী।

বরিশাল শাখাঃ ১৪০/১ সদর রোড, বরিশাল।

চট্টগ্রাম শাখাঃ জি-ই-সি মোড়, সেন্ট্রালপ্রজা (৩য় তলা) পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম।

□ কামাল হোসেন বাবলু